# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 17 July, 2025

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে এবং  ৭ দফা দাবী বাস্তবায়নের  জন্য ১৯ জুলাই শনিবার সোহরাওয়াদী উদ্যানের জাতীয় সমাবেশ সফল করতে সাংবাদিক সম্মেলন করেছে  চুয়াডাঙ্গা জেলা জামায়াত।

বুধবার বেলা ১২ টায় চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সম্মেলন কক্ষে বাংলাদেশ  জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার পক্ষ থেকে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে চুয়াডাঙ্গা জেলা আমীর রুহুল আমীন  দলের  ৭ দফা কর্মসূচি উল্লেখ্য করে বলেন, নির্বাচনে  লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতকরণ, জুলাইসহ সকল গণহত্যার বিচারসহ প্রয়োজনীয় মৌলিক সংস্কার, জুলাই সনদ ও ঘোষণাপত্র বাস্তবায়ন, জুলাই গণঅভ্যুত্থানে শহিদ ও আহতদের  পরিবারের পুনর্বাসন, পি আর পদ্ধতিতে জাতীয় নির্বাচন ও  এক কোটির বেশি প্রবাসীর ভোট প্রদানের ব্যবস্থা করতে হবে।সব শেষে জামায়াতের জেলা আমীর বলেন, গোপালগঞ্জের ঘটনায় আজ বুধবার বিকালে চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্বর থেকে এক বিক্ষোভ মিছিল বের করবে জামায়াত।

সাংবাদিক সম্মেলনে আরো উপস্থিত ছিলেন,  জামায়াতের জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান,  জামায়াত মনোনীত চুয়াডাঙ্গা - আসনের সংসদ সদস্য  প্রার্থী জেলা সহকারী সেক্রেটারি এড. মাসুদ পারভেজ রাসেল, সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, জেলা অর্থ সম্পাদক  কামাল উদ্দিন,  পৌর জামায়াতের আমীর  এড. হাসিবুল ইসলাম,  পৌর নায়েবে আমীর মাহবুব আশিক, সাবেক ছাত্রশিবিরের জেলা সভাপতি  হাফেজ এমদাদুল্লাহ  জামেন ও সাবেক জেলা সভাপতি  হুমায়ুন কবির।

জামায়াতে ইসলামী নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:04

URL: https://timestodaybd.com/public/khulna/4918775807